# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬৭

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْهَا قَالَتْ: أَوَمَتِ امْرَأَةٌ مِنْ وَرَاءِ سِتْرٍ بِيَدِهَا كِتَابٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَبَضَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ فَقَالَ: «مَا أَدْرِي أَيَدُ رَجُلٍ أَمْ يَدُ امْرَأَةٍ؟» قَالَتْ: بَلْ يَدُ امْرَأَةٍ قَالَ: «لَوْ كُنْتِ امْرَأَةً لَغَيَّرْتِ أَظْفَارَكِ» يَعْنِي الْحِنَّاء. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

বাংলা

৪৪৬৭-[৪৯] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন জনৈকা মহিলা হাতে চিঠি নিয়ে পর্দার আড়াল হতে হাত বের করে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দিকে ইশারা করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের হাতটি গুটিয়ে ফেলে বললেনঃ আমি বুঝতে পারলাম না, এটা কি কোন পুরুষের হাত না কোন নারীর? তখন মহিলাটি বলল : এটা মহিলার হাত। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যদি তুমি নারী হতে তাহলে অবশ্যই মেহেদীর দ্বারা তোমার হাতের নখগুলো পরিবর্তন করে নিতে। (আবূ দাঊদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ৪১৬৬, নাসায়ী ৫০৮৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৩৮৮১, শু‘আবুল ঈমান ৬৪১৯, আল মু‘জামুল আওসাত্ব ৩৭৬৫, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৯৩৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَقَبَضَ النَّبِىُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهٗ) অতএব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিজের হাত গুটিয়ে নিলেন। অর্থাৎ তিনি মেয়েটির হাত থেকে চিঠিটি নেয়ার জন্য হাত বাড়ালেন না এবং চিঠিটি ধরলেন না।

مَا أَدْرِي أَيَدُ رَجُلٍ أَمْ يَدُ امْرَأَةٍ؟ অর্থ- আমি জানি না এটা পুরুষের হাত নাকি নারীর হাত। হাতে মেহেদী না

থাকার কারণে পর্দার আড়াল থেকে কেবল হাত দেখে নারী না পুরুষের হাত বুঝা কষ্টকর হচ্ছিল। অথবা নবীজি বুঝেও মেহেদীর প্রতি উৎসাহিত করতে এমনটি বলতে পারেন।

لَوْ كُنْتِ امْرَأَةً لَغَيَّرْتِ أَظْفَارَكِ অর্থ- তুমি মেয়ে হলে অবশ্যই তোমার নখ পরিবর্তন করতে। অর্থাৎ মেহেদী দিয়ে তা রঙিন করতে। পরবর্তী বাক্যে ‘আয়িশাহ্ (রাঃ) পরিবর্তন করার ব্যাখ্যা দিয়ে দেন (يَعْنِي الْحِنَّاءِ) বলে। অর্থাৎ মেহেদী দ্বারা পরিবর্তন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75191

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন